গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামইরহাট, নওগাঁ।
www.dhamoirhat.naogaon.gov.bd

স্মারক নং:- ০৫.৪৩.৬৪২৮.০০৯.০৬.০৩৪.২৫- ১০৭৮

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## সরকারি খাস/ বদ্ধ জলমহাল ইজারার আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তি

এতদ্দারা ধামইরহাট উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্য সর্ম্পকিত সংগঠন সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৩ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে সকল আবেদন অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত হয়েছে।

০২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ (সংশোধনী-২০১২) অনুযায়ী নওগাঁ জেলার ধামইরহাট উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস বদ্ধ জলমহালসমূহ বর্ণিত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত সিডিউল অনুযায়ী আগ্রহী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্য সর্ম্পকিত সংগঠনকে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে (এ সংক্রান্ত নির্দেশনা ওয়েবসাইটে আপলোড করা আছে)।

০৩. **নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানত বাবদ পে-অর্ডার/ বিডি মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামইরহাট, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।** অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতীত সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবে না। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ (সংশোধনী-২০১২) এবং ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

### ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ক্যালেন্ডার

| ক্রঃনং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহ্বান। | ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. তারিখে সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামইরহাট, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে। দাখিলকৃত আবেদন ঐ দিনই বিকাল ০৩.০০ ঘটিকায় উপস্থিত আবেদনকারীর সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৬ খ্রি.) | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল। | |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। | |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ হতে ১১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। | |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ হতে ১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। | |
| ০৬ | ০৬ ফাল্গুন হতে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি হতে ১১ মার্চ ২০২৬ খ্রি.) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। | |
| ০৭ | ২৭ ফাল্গুন হতে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ হতে ১৬ মার্চ ২০২৬ খ্রি.) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৮ | ০৩ চৈত্র হতে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ হতে ২৯ মার্চ ২০২৬খ্রি.) | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। | |
| ০৯ | ১ বৈশাখ (১৪ এপ্রিল ২০২৬ খ্রি.) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

শর্তাবলী অপর পাতায় –

30.12.2025

প্রশান্ত চক্রবর্তী
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধামইরহাট, নওগাঁ।

## সরকারি খাস পুকুর/ বদ্ধ জলমহালসমূহের বাংলা ১৪৩৩-১৪৩৫ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারার শর্তাবলী

**০১. ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৩ নভেম্বর ২০২৫ সালের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৮ নং প্রজ্ঞাপন অনুযায়ী ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে এবং ইজারা কার্যক্রম উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী পরিচালিত হবে।**

০২. এ উপজেলার সকল সরকারি খাস বদ্ধ জলমহাল বাংলা ১৪৩৩-১৪৩৫ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে। উল্লেখ্য, সরকারি মূল্যের চাইতে কম ইজারা মূল্যে ইজারা দেয়া হবে না।

**০৩. অনলাইনে আবেদনকৃত প্রিন্টেড কপির সাথে সিডিউল মূল্য বাবদ নগদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা প্রদান করতে হবে**

০৪. প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হলে ইজারায় অংশগ্রহণ করতে পারবে। প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠনের নিকট হতে এবং সমাজভিত্তিক মৎস্যজীবী ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/ জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা/ স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য ও (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি ইজারা গ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

০৫. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ (সংশোধনী-২০১২) অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা/ বন্দোবস্ত প্রদান করা হবে। কোন ব্যক্তি, অনিবন্ধনকৃত কোন সমিতি/ সংগঠন আবেদন করতে পারবে না।

০৬. জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা প্রদান করা হবে। নিকটবর্তী/ তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী একাধিক হলে সর্বোচ্চ দরদাতা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে অগ্রাধিকার দেয়া হবে।

০৭. আবেদনকারী মৎস্যজীবী/মৎস্যজীবী সংগঠন বা সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ-স্বরূপ জেলা বা উপজেলা সমবায়/ সমাজসেবা/ মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিলসহ বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

০৮. আবেদনকারী মৎস্যজীবী সমিতি/ সংগঠনকে উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁ এর অনুকূলে জলমহালের উদ্ধৃত ইজারামূল্যের ২০% জামানত বাবদ সরকারি তফসিলভুক্ত ব্যাংক হতে বিডি/ জামানত আকারে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৯. ইজারার জন্য প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি সনদপত্র প্রদানকারীর বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১০. আবেদন অনুমোদিত হওয়ার পর অনুমোদিত পুকুর/ জলমহালের ইজারা গ্রহীতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারি করা হবে না। অনুমোদিত সমিতির তালিকা এ অফিসে এবং উপজেলা ভূমি অফিস, ধামইরহাট, নওগাঁর নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে। **ইজারা অনুমোদন হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে বিনা ব্যর্থতায় সমুদয় ইজারামূল্য ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে, ইজারা মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট একযোগে জমা প্রদান করে চালানের মূল কপি (সিটিআর সহ) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদান করতে হবে।** উক্ত নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে আয়কর, ভ্যাটসহ ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং উক্ত অনুমোদনকৃত জলমহালটি পুনরায় ইজারা প্রদান করা হবে।

১১. বেনামে/ ভূয়া কোন সমিতি/ সংগঠনের নাম ব্যবহার করে আবেদন করা হলে অথবা কোন তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং উক্ত সমিতির আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলাশয়ের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/ অধিকার/ স্বত্ত্ব থাকবে না এবং উক্ত জলমহালের দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

১৩. ইজারার অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারার মেয়াদ শুরু হওয়ার পূর্বে ইজারা গ্রহীতাকে নিজ উদ্যোগে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৪. ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ/ বেদখল করতে না পারে ইজারা গ্রহীতা তা নিশ্চিত করবেন।

১৫. মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৬. ইজারা গ্রহীতা কোন জলাশয় সাব-লিজ দিতে পারবে না। যদি উক্তরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল হবে এবং পুনরায় ইজারা দেওয়া হবে। এ ক্ষেত্রে ঐ ইজারা-গ্রহীতা/ সমিতি পরবর্তী তিন বছর আবেদন করতে পারবেন না।

১৭. ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দ্বায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৮. ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভেতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না।

১৯. ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জারিকৃত সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানককৃত জলাশয়ে সরকারিভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

২০. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

২১. ইজারা গ্রহীতা উর্ধ্বতন সরকারি কর্মকর্তা/ জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যেকোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

২২. বছরের যেকোন সময় ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩৩ হতে কার্যকর বলে গণ্য হবে। ইজারার মেয়াদ ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ে বলবৎ থাকবে।

**২৩. উক্ত টেন্ডারে মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন বা অন্য কোন সংগঠন ০২ টির বেশি জলমহাল ইজারা পাবেন না।**

**২৪. সরকারি খাস পুকুর বা বদ্ধ জলমহাল ইজারা গ্রহণের পূর্বেই জলাশয়ের বাস্তব অবস্থা জেনে, দেখে-শুনে এবং মন্তব্য কলামে উদ্ধৃত অবস্থা জেনে ও বুঝে ইজারায় অংশগ্রহণ করতে হবে। অন্যথায় ইজারা গ্রহীতা কর্তৃক পরবর্তীতে উত্থাপিত কোনরূপ অভিযোগ বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।**

২৫. পূববর্তী বছরের বাকী রয়েছে এমন কোন সমিতি ইজারা ডাকে অংশগ্রহণ করতে পারবে না।

**২৬. অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতীত সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবে না।**

২৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহন করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।

২৮. নিজ খরচে পুকুরের দৃশ্যমান স্থানে জেলা প্রশাসক, নওগাঁ হতে নির্দেশিত সাইন বোর্ড স্থাপন করতে হবে (নমুনা কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করে নিতে হবে।)

30.12.2025

প্রশান্ত চক্রবর্তী
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধামইরহাট, নওগাঁ।